বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bhbfc.gov.bd

নং-এইচবি/এইচও/এডি-৫২২(১২)/৬৬৯৬ তারিখ : ২৪.১০.২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (Online) দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদে নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা নিম্নে উল্লেখ করা হলো।

ক্রঃ নঃ	পদের নাম	বেতন স্কেল	শূণ্য পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
১.	ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-১৩	১১০০০-২৬৫৯০/-	৪৬ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ; এবং (গ) ডাটা এন্ট্রি অপারেশনে স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে।	সকল জেলা

০২। এ বিজ্ঞপ্তির অধীনে প্রার্থীগণকে অনলাইনে (Online) দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে http://bhbfc.teletalk.com.bd এবং www.bhbfc.gov.bd ওয়েবসাইটে লগ ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।

০৩। অনলাইনে আবেদন গ্রহণ শুরু তারিখ : ০১.১১.২০১৭ (সকাল ১০.০০ ঘটিকা), শেষ তারিখ: ২১.১১.২০১৭ (সন্ধ্যা ৬.০০ ঘটিকা)।

০৪। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel -স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload 'করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

০৫। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copyপ্রার্থী প্রিণ্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৪০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: BHBFC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BHBFC ABCDEF

Reply: Applicant's Name, Tk-............ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BHBFC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BHBFC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BHBFC YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BHBFC Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

০৬। কেবলমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময় পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

(ক) অনলাইনে আবেদন দাখিলের পর প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ৪০০.০০ (চারশত) টাকা যে কোন টেলিটক (Teletalk) মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রদান করতে হবে। 'ফি' প্রদানের পরই কেবল আবেদনটি চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

(খ) পরবর্তীতে লিখিত পরীক্ষার ব্যবস্থাদি চূড়ান্ত করার পর প্রত্যেক যোগ্য আবেদনকারীকে SMS এর মাধ্যমে জানানো হবে। তিনি উপরোক্ত ওয়েবসাইটের লিংক ব্যবহার করে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

(গ) দরখাস্তকারী যে জেলার স্থায়ী বাসিন্দা, তাঁর প্রার্থিতা উক্ত জেলার কোটার প্রাপ্যতার অনুকূলে নির্ধারিত থাকবে এবং নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে।

(ঘ) প্রচলিত কোটানীতি অনুসরণপূর্বক মেধাক্রমানুসারে (জেলাওয়ারী) নিয়োগের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করে নিয়োগ দানের ব্যবস্থা নেয়া হবে।

(ঙ) User ID এবং Password সহ অন্যান্য তথ্য পুনরুদ্ধারের জন্য উক্ত লিংক-এ প্রার্থীর নিজস্ব তথ্য দিয়ে উদ্ধার করা যাবে।

(চ) এ সংক্রান্ত সকল নির্দেশনা ক্রমিক নং-২ এ বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

(চলমান পাতা ২+)

০৭। ৩১.১০.২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত প্রযোজ্য হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৮। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম ৯ম গ্রেডের সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, ২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (যদি থাকে) এবং প্রশিক্ষণ সনদ এর কপি ;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ;

(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র ;

(ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত বংশানুক্রমিক সনদপত্র ;

(ঙ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

(চ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

(জ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

(ঝ) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে ;

(ঞ) ডাউনলোডকৃত Applicant Copy এর কপি ;

(ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি ;

১০। উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১১। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১২। ২০১৩ ও ২০১৪ সালে ডাটা এন্ট্রি অপারেটর পদে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৩। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৫। বিজ্ঞপ্তিতে জারীকৃত উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

২৪.১০.১৭
(মীর মোফাজ্জল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)